জাতীয় কন্যাশিশু এডভোকেসি ফোরাম
কার্যনির্বাহী পরিষদ সভা -২০১৪

সভার ধরন : কার্যনির্বাহী পরিষদ সভা

তারিখ : ২৬ মে, ২০১৪ইং

মোট উপস্থিতি : ১০ জন

সভার স্থান : ফোরাম সচিবালয় এর হলরুম
৩/৭, আসাদ এভিনিউ, মোহাম্মদপুর, ঢাকা।

আলোচ্যসূচি:

- ফোরাম কার্যক্রম প্রতিবেদন - ২০১৩
- বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন, পর্যালোচনা ও অনুমোদন
  - ২৪ এপ্রিল, ২০১৪ তারিখে অনুষ্ঠিত সাধারণ সভার কার্যবিবরণী
- ২০১৪ সালে বাস্তবায়িত কার্যক্রম সম্পর্কে পর্যালোচনা
- বাল্যবিবাহ সম্পর্কিত ইস্যুতে গোলটেবিল বৈঠক
- সচেতনতামূলক কর্মশালা
- সদস্য পদ হতে অব্যাহতি প্রদান (মুসলিম এইড বাংলাদেশ)
- সিআরসি মনিটরিং রিপোর্ট ও সিএসও কোয়ালিশন
- জাতীয় কন্যাশিশু দিবস' ২০১৪
  - প্রকাশনা, রচনা প্রতিযোগিতা
- তহবিল সংগ্রহ সংক্রান্ত
- বিবিধ

গত ২৬ মে, ২০১৪ইং তারিখ ফোরাম সহ সভাপতি অধ্যাপক লতিফা আকন্দ এর সভাপতিত্বে বছরের প্রথম কার্যনির্বাহী পরিষদ সভা দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ অফিসের হলরুমে অনুষ্ঠিত হয়। সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে কার্যক্রম শুরু করেন। এবং বিস্তারিত আলোচনা করার জন্য ফোরাম সম্পাদক জনাব নাছিমা আক্তার জলি'কে অনুরোধ জানান। অত:পর আলোচনার ভিত্তিতে যেসকল সিদ্ধান্ত গৃহীত হয়, তা হলো :

সাধারণ সভার মূল আলোচনা ও সিদ্ধান্তসমূহ		
ক্রম	**বিষয়**	
১	**ফোরাম প্রতিবেদন-২০১৩ এবং পূর্ববতী সাধারণ সভা বিবরণী**	সভা শুরুতে ফোরাম প্রতিবেদন -২০১৩ এবং পূর্ববর্তী সাধারণ সভা বিবরণী উপস্থাপন করা হয়। প্রতিবেদন ও বিবরণীতে কোনো সংযোজন, বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে এটি অনুমোদিত হয়।
২	**২০১৪ সালের বাস্তবায়িত কার্যক্রম এর সংক্ষিপ্ত বিবরণ**	জানুয়ারী'১৪ থেকে মে মাস পর্যন্ত ফোরামের যেসকল কার্য ইতিমধ্যে সম্পাদিত হয়েছে তার একটি সংক্ষিপ্ত বিবরণ নির্বাহী পরিষদকে অবহিত করা হয়। প্রতিবেদন উপস্থাপন করার জন্য উপস্থিত সদস্যগণ ফোরাম সচিবালয়কে ধন্যবাদ প্রদান করেন।
৩	**বাল্যবিবাহ সম্পর্কিত ইস্যুতে গোলটেবিল বৈঠক**	গত ২৪ এপ্রিল, ১৪ সাধারণ সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয় যে, ফোরাম ধারাবাহিকভাবে ইস্যুভিত্তিক গোলটেবিল বৈঠক আয়োজন করবে। সিদ্ধান্ত মোতাবেক আগামী ২২ জুন,১৪ তারিখ গোলটেবিল আয়োজনের তারিখ নির্ধারণ করা হয়। গোলটেবিল বৈঠকটি আয়োজনে আর্থিক সহযোগিতা করবে সদস্য সংগঠণ এসডিএস শরিয়তপুর এবং সিসিডিবি। এছাড়াও আরও যেসকল অগ্রগতি বৈঠককে অবহিত করা হয়। তা হলো ▪ "বাল্যবিবাহ নিরোধ আইন (খসড়া) ২০১৩ : বর্তমান বাস্তবতা" শীর্ষক ইস্যুতে গোলটেবিল বৈঠক আয়োজন করা হবে। ▪ প্রধান অতিথি হিসেবে মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মেহের আফরোজ চুমকি এমপি উপস্থিত থাকতে সদয় সম্মতি জানিয়েছেন। ▪ বিশেষ অতিথি হিসেবে বিশিষ্ট কথাসাহিত্যিক ও শিশু একাডেমীর চেয়ারম্যান জনাব সেলিনা হোসেন উপস্থিত থাকার ব্যাপারে প্রাথমিকভাবে সম্মতি জ্ঞাপন করেছেন। ▪ আলোচক হিসেবে সভায় বেশ কয়েকজন ব্যক্তিবর্গের নাম প্রস্তাব করা হয়, তবে যোগাযোগ এবং

		সকলের মতামতের ভিত্তিতে চুড়ান্তভাবে আলোচক নির্ধারণ করা হবে। ▪ গোলটেবিল বৈঠকে অভিজ্ঞতা এবং অনুভূতি সুন্দরভাবে উপস্থাপন করতে পারবে, এরকম ৩/৪জন কিশোর-কিশোরী নির্ধারণ করার জন্য বৈঠকে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। অপরাজেয় বাংলাদেশ, নারীমৈত্রী এবং ভূইঞা ফাউন্ডেশন- ৪জন কিশোর-কিশোরী প্রদান করবে বলে বৈঠককে অবহিত করে। ▪ উপস্থিত সদস্যগণ একমত হন যে, কীনোট পেপার লিখবেন এমন একজন ব্যক্তি, যিনি ডেভেলপমেন্ট সেক্টরে কাজ করছেন। কারন, কন্যাশিশুদের অধিকার রক্ষা ও সুরক্ষায় কি কি কাজ আছে এবং কি কি কাজ করা দরকার এবং বাস্তবায়ন করতে হবে, তা একজন উন্নয়নকর্মী ভালো বুঝতে পারবেন। তবে, কীনোট পেপার অবশ্যই বাংলায় উপস্থাপন করতে হবে। ▪ সিদ্ধান্ত হয়, আয়োজিত গোলটেবিল বৈঠকে প্রতিটি সংগঠণ অন্তত:পক্ষে ২জন করে অংশগ্রহণকারী নিশ্চিত করবে। ▪ স্থান নির্ধারণ করা হয় প্রেসক্লাবের ভিআইপি লাউঞ্জ । পরবর্তী গোলটেবিল বৈঠক "পর্ণোগ্রাফি এ্যাক্ট- ২০১২" অথবা "সাইবার ক্রাইম" ইস্যুতে আয়োজন করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।
৪	**সচেতনতামূলক কর্মশালা**	গত সাধারণ সভায় **"কন্যাশিশুর অধিকার এবং আমাদের করণীয়"** শীর্ষক ফোরামের নিয়মিত কর্মশালা আয়োজন করার ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়। সদস্য সংগঠণ বিআরডিএস তৃণমূলে এবং কৈনানীয়া এব্যাপারে আগ্রহ প্রকাশ করে। বিষয়টি কার্যনির্বাহী পরিষদে উপস্থাপন করা হয়। সভায় আপাতত: তৃণমূলে কর্মশালা আয়োজন স্থগিত রাখার পক্ষে সদস্যগণ মতামত ব্যক্ত করেন। কারণ, বর্তমানে ফোরামের তহবিল সংকট রয়েছে। তবে ফোরাম সদস্য সংগঠন বাংলাদেশ ওয়াইডাব্লিউসিএ সভাকে অবহিত করে যে, যদি কৈনানীয়া ঢাকাভিত্তিক এধরণের কোন কর্মশালার আয়োজন করে, তবে আয়োজনকৃত উক্ত কর্মশালার বাজেটের সাথে বাংলাদেশ ওয়াইডাব্লিউসিএ স্বল্পপরিসরে অংশীদার হবে।
৫	**সদস্য পদ হতে অব্যাহতি প্রদান**	রাষ্ট্রের স্বার্থবিরোধী কোন সদস্য সংগঠণ অথবা ব্যক্তি সদস্য জড়িত থাকলে বা সুনির্দিষ্ট অভিযোগ থাকে, তবে ফোরামের গঠণতন্ত্রের ধারা মোতাবেক উক্ত সংগঠণ বা ব্যক্তির সদস্য পদ বাতিল করা হবে। কার্যনির্বাহী পরিষদ সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়। সিদ্ধান্ত হয়, সদস্য সংগঠণ মুসলিম এইড বাংলাদেশ এর সভাপতির নামে যেহেতু যুদ্ধাপরাধের সুনির্দিষ্ট অভিযোগ রয়েছে, তাই, ফোরামের সমস্ত কার্যক্রম থেকে উক্ত সংগঠণকে বিরত রাখা হবে। আরও সিদ্ধান্ত হয়, পরবর্তী সাধারণ সভায় উক্ত বিষয়টি তোলা হবে এবং এ সংক্রান্ত চুড়ান্ত সিদ্ধান্ত ঘোষণা করা হবে।
৬	**সিআরসি মনিটরিং রিপোর্ট ও সিএসও কোয়ালিশন**	সভায় সিআরসি (চাইল্ড রাইট্স) মনিটরিং রিপোর্ট বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সিআরসি মনিটরিং রিপোর্ট তৈরীর জন্য বাংলাদেশে গঠিত সিএসও কোয়ালিশনের বর্তমান কার্যক্রম কার্যনির্বাহী পরিষদ সভায় তুলে ধরা হয়। ফোরাম সিএসও কোয়ালিশনস্ এর ৯টি সদস্য এর মধ্যে অন্যতম একটি সক্রিয় সদস্য।এই কোয়ালিশনটি সিআরসি সংক্রান্ত একটি শ্যাডো রিপোর্ট জেনেভাতে প্রদান করবে। শ্যাডো রিপোর্টটি ৮টি জেলার ৮টি উপজেলায় মনিটরিং এর ভিত্তিতে তৈরি করা হবে। ইতিমধ্যে কোয়ালিশনস্ মনিটরিং করতে টুল কিটস্ তৈরির জন্য আইন ও সালিশ কেন্দ্রের সাথে এমওইউ করেছে। তৈরিকৃত টুল কিটস্ আইন ও সালিশ কেন্দ্র আগামী ৪ তারিখ কোয়ালিশনস্ সভায় উপস্থাপন করবে এবং সকলের মতামতের ভিত্তিতে তা চুড়ান্ত করা হবে। নির্ধারিত এলাকার জন্য চুড়ান্ত টুল কিটস্ মনিটরিং এর জন্য অরিয়েন্টেশন দেয়া হবে। অরিয়েন্টেশন প্রাপ্ত সংগঠণ সমূহ পরবর্তীতে তা বাস্তবায়ন করবে। গত সাধারণ সভায় সিআরসি মনিটরিং পাইলটিং এর জন্য এলাকা নির্ধারণের ক্ষেত্রে ফোরাম সদস্য সংগঠন **সিসিডিবি** আগ্রহ প্রকাশ করে এবং ইতিমধ্যে এলাকা নির্ধারণ করে একটি তালিকা ফোরাম সচিবালয়ে প্রদান করেছে। পরবর্তী কোয়ালিশন্স সভায় তা উপস্থাপন করা হবে এবং সকলের মতামতের ভিত্তিতে চুড়ান্ত করে সিসিডিবি'কে অবহিত করা হবে।
৭	**প্রকাশনা, রচনা প্রতিযোগিতা**	প্রতিবছর কন্যাশিশু দিবসকে ঘিরে 'কন্যাশিশু' নামে জার্নাল প্রকাশ করা হয়। এবছরও এর ব্যতিক্রম হবেনা। সভায় বেশ কয়েকজন লেখকের নাম ফোরাম সম্পাদক উপস্থাপন করেন, যারা কন্যাশিশুদের স্বার্থ রক্ষার বিষয়টি জোড়ালোভাবে লেখনির মাধ্যমে তুলে আনেন। উপস্থিত সদস্যগণ আরও ২/৩জন লেখকের নাম যুক্ত করেন। সভায় দিবস উদযাপন উপলক্ষে আয়োজিত রচনা প্রতিযোগিতার বিষয় প্রাথমিকভাবে আলোচনা করা হয়। বিষয় সমুহ হলো : ◂ ক বিভাগ(৫ম শ্রেণী-৭ম শ্রেণী) - "কন্যাশিশুর শিক্ষা" এবং ◂ খ বিভাগ(৮ম শ্রেণী-১০ম শ্রেণী) - "বাল্যবিবাহ : অভিভাবকের ভূমিকা" তবে, সিদ্ধান্ত হয়- আরও আলোচনার মাধ্যমে বিষয়সমূহ চুড়ান্ত করা হবে।
৮	**তহবিল সংক্রান্ত**	সভায় আসন্ন কন্যাশিশু দিবস' ২০১৪ উদযাপন উপলক্ষে তহবিল সংক্রান্ত বিষয় আলোচনা করা হয়। উদ্বেগ প্রকাশ করা

		হয় যে, দিবসকে ঘিরে খুব অল্পসংখ্যক সদস্য সংগঠন তহবিল প্রদান করে থাকে, এমনকি ধার্যকৃত ১০০০ টাকাও শুধুমাত্র ১৬/১৭টি সদস্য সংগঠণ প্রদান করে থাকে। তহবিল বিষয়ে সকল সদস্য সংগঠণ, ব্যক্তি সদস্যগণকে সক্রিয় হবার বিষয়ে বৈঠকে জোড়ালোভাবে আলোচনা করা হয়। দিবস উদযাপন'১৪র তহবিল বিষয়ে উক্ত সভায় বেশকিছু সিদ্ধান্ত গ্রহণ করা সম্ভব হয়, যেমন - ৰ এবছর সংগঠণ পর্যায়ে ২০০০ টাকা এবং ব্যক্তিগত সদস্য পর্যায়ে ১০০০ টাকা তহবিল প্রদান করতে হবে। ৰ অপরাজেয় বাংলাদেশ লিফলেট এবং পোষ্টার প্রিন্টের আংশিক খরচ বহন করবে। ৰ চিত্রাঙ্কণ প্রতিযোগিতার জন্য তহবিল ভূঁইঞা ফাউন্ডেশন প্রদান করবে। তবে, এবিষয়ে যদি কোন সদস্য সংগঠণ অংশীদার হতে আগ্রহ প্রকাশ করে, তা সাদরে গ্রহণ করা হবে। অনুষ্ঠিত সভায় তহবিল সংগ্রহ বিষয়ে আরও যেসকল সিদ্ধান্ত নেয়া হয়, তা হলো : ৰ প্ল্যান বাংলাদেশ বিগত বছরসমূহ থেকে কন্যাশিশুদের অধিকার প্রতিষ্ঠার আন্দোলনকে বেগবান করতে প্রতিবছরই ক্রোড়পত্র প্রকাশে সহযোগিতা করে আসছে। নির্বাহী সদস্যগণ এজন্য প্ল্যান বাংলাদেশ এর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং ধন্যবাদ জ্ঞাপন করেন। একই সাথে চলতি বছরের জন্য ক্রোড়পত্র ছাপানো এবং জার্নাল "কন্যাশিশু" প্রকাশের খরচ প্রদানে প্ল্যান বাংলাদেশকে অনুরোধ জানানো হবে বলে সভায় সিদ্ধান্ত হয়। ৰ রচনা প্রতিযোগিতা আয়োজনের সার্বিক খরচ প্রদানের জন্য কারিতাস বাংলাদেশকে অনুরোধ জানানো হবে, উল্লেখ্য যে, গত বছর বাদে বিগত বেশ কয়েক বছর ধরে কারিতাস বাংলাদেশ উক্ত প্রতিযোগিতার তহবিল প্রদান করে আসছে। ৰ র‌্যালির অংশগ্রহণকারীদের জন্য ক্যাপ প্রদানের খরচ সদস্য সংগঠণ বাংলাদেশ ওয়াইডাব্লিউসিএ'কে অনুরোধ জানানো হবে।ওয়াইডাব্লিউসিএ বেশ কয়েক বছর ধরে দিবস উদযাপনে ক্যাপ ছাপানোর তহবিল প্রদান করছে। ৰ বিতর্ক প্রতিযোগিতা আয়োজনে প্রতিবছর ডিবেট ফর ডেমোক্রেচি তহবিল প্রদান করে থাকে। বরাবরের মত চলতি বছরেও বিতর্ক প্রতিযোগিতার খরচ প্রদান করবে বলে ডিবেট ফর ডেমোক্রেচি প্রধান জনাব হাসান আহমেদ চৌধুরী কিরণ আগ্রহ প্রকাশ করেছেন। এজন্য নির্বাহী পরিষদের সদস্যগণ তাকে আন্তরিক অভিনন্দন ও কৃতজ্ঞতা জানান। সভায় তাকে ধন্যবাদ প্রদানসহ লিখিত প্রস্তাব পাঠানোর জন্য ফোরাম সম্পাদককে অনুরোধ জানানো হয়। একইসাথে দিবসকে ঘিরে শিশু সপ্তাহের মধ্যে যেকোন একদিন হাসান আহমেদ চৌধুরী কিরণের উপস্থাপনায় ইলেক্ট্রনিক চ্যানেল আরটিভিতে রোড টু ডেমোক্রেচি অনুষ্ঠানে কন্যাশিশু ইস্যুতে একটি টকশো আয়োজনের জন্য, তাকে বিশেষভাবে অনুরোধ করতে সদস্যগণ একমত হন। এছাড়াও চ্যানেল ৭১, সময় টিভি, এটিএন বাংলা এবং বিটিভি তে টকশো আয়োজন করার প্রচেষ্টা চালানোর ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।
৯	**পরবর্তী সভা**	আলোচনার ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ করা হয় যে, আগামী জুন মাসের দ্বিতীয় সপ্তাহে দি হাঙ্গার প্রজেক্ট-বাংলাদেশ অফিসে ফোরামের পরবর্তী সাধারণ সভা অনুষ্ঠিত হবে। তারিখ এবং সময় ই-মেইল এ জানানো হবে।

সভাপতি অংশগ্রহণকারী সকল সদস্যগণের অংশগ্রহণ এবং মতামত প্রকাশের জন্য ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

বিবরণ প্রস্তুতকারী
সৈয়দা আহসানা জামান (এ্যানী)
সচিবালয়
জাতীয় কন্যাশিশু এডভোকেসি ফোরাম